ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৪১৮

আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৫

## ইইআই-এনইআর এবং টি-সমেটি’র যৌথ উদ্যোগে চারদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা



সম্প্রতি লেম্বুছড়াস্থিত ত্রিপুরা স্টেট এগ্রিকালচারের ম্যানেজমেন্ট এন্ড এক্সটেনশন ট্রেনিং ইনস্টিটিউট (টি-সমেটি)-এ ‘‘কার্যকর ব্যবস্থাপনার জন্য একটি সুশৃঙ্খল পদ্ধতি-কভারডেল মডেল’’-এর উপর চারদিনব্যাপী প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। চারদিনব্যাপী এই কর্মসূচির উদ্বোধন করেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা ড. পি বি জমাতিয়া, টি-সমেটি ত্রিপুরার অধিকর্তা অরবিন্দ দেববর্মা, সেন্ট্রাল এগ্রিকালচারাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. বিশ্বজিৎ লাহিড়ি। প্রশিক্ষণ শিবিরে সংশ্লিষ্ট বিভিন্ন কলেজের অধ্যাপকগণ কভার ডেল মডেল-এর মূল উপাদানগুলি যেমন লক্ষ্য নির্ধারণ, পরিকল্পনা, বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে আলোচনা করেন। প্রশিক্ষণ শিবিরে অংশগ্রহণকারীদের নিজ নিজ কর্মক্ষেত্রে এই মডেল-এর ব্যবহারিক প্রয়োগের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। প্রশিক্ষণ শিবিরের সমাপ্তিদিনে অংশগ্রহণকারীদের মধ্যে শংসাপত্র বিতরণ করা হয়। এই প্রশিক্ষণ কর্মসূচি যৌথভাবে আয়োজন করে এক্সটেনশন এডুকেশন ইনস্টিটিউট, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রণালয়, লেম্বুছড়া ও গোয়াহাটি টি-সমেটি। টি-সমেটি থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******